# ভাইরাল ভিডিওর পর ‘ব্যাচেলর পয়েন্ট’ থেকে পাভেল বাদ পড়ার গুঞ্জন



অভিনেতা সাইদুর রহমান পাভেল। ছবি: সংগৃহীত

অভিনেতা সাইদুর রহমান পাভেলকে জনপ্রিয় নাট্যধারাবাহিক ‘ব্যাচেলর পয়েন্ট’ থেকে বাদ দেওয়া হয়েছে—সামাজিক যোগাযোগমাধ্যমে এমন আলোচনা চলছে। সম্প্রতি পাভেলের একটি ভিডিও ভাইরাল হওয়ার পর তাকে নিয়ে শুরু হওয়া নানা আলোচনার মধ্যেই নির্মাতা কাজল আরেফিন অমির একটি তালিকাকে ঘিরে নতুন করে এই গুঞ্জন ছড়িয়েছে।

বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) নিজের ফেসবুক অ্যাকাউন্টে ‘ব্যাচেলর পয়েন্ট’-এর শিল্পীদের একটি তালিকা প্রকাশ করেন নির্মাতা কাজল আরেফিন অমি। তালিকায় ধারাবাহিকটির নিয়মিত ও পরিচিত বেশ কয়েকজন শিল্পীর নাম থাকলেও সেখানে পাভেলের নাম দেখা যায়নি। এরপরই তাকে ধারাবাহিকটি থেকে বাদ দেওয়ার আলোচনা আরও জোরালো হয়।

পাভেলের ভাইরাল ভিডিও এবং শিল্পীদের ওই তালিকা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে দর্শকদের মধ্যে নানা মন্তব্য দেখা যাচ্ছে। কেউ কেউ মনে করছেন, ভিডিওটি ছড়িয়ে পড়ার পরই ধারাবাহিকটিতে পাভেলের অংশগ্রহণ নিয়ে পরিবর্তন আনা হয়েছে।

LENS ASIA

তবে পাভেলকে ‘ব্যাচেলর পয়েন্ট’ থেকে বাদ দেওয়া হয়েছে কি না, সে বিষয়ে এখনো নির্মাতা কাজল আরেফিন অমি বা অভিনেতা পাভেলের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি।

দীর্ঘদিন ধরে দর্শকদের মধ্যে জনপ্রিয় ‘ব্যাচেলর পয়েন্ট’। ধারাবাহিকটির বিভিন্ন চরিত্র ও সংলাপ নিয়ে নিয়মিতই সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনা হয়ে থাকে।